সমকাল

তারিখ ... 21 SEP 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪ ...

## নিতুর খুনি মিলনকে কলেজ থেকে বহিষ্কার

■ শরীয়তপুর প্রতিনিধি

মাদারীপুরের স্কুলছাত্রী নিতু হত্যার সঙ্গে জড়িত থাকার দায় আদালতে স্বীকার করায় মিলন মণ্ডলকে কলেজ কর্তৃপক্ষ বহিষ্কার করেছে। মিলন কালকিনি সৈয়দ আবুল হোসেন কলেজের অনার্স দ্বিতীয় বর্ষে অধ্যয়নরত ছিল। কলেজের ম্যানেজিং কমিটি মঙ্গলবার বিকেলে সভা ডেকে ঘাতক মিলনকে বহিষ্কার করে। ম্যানেজিং কমিটির সভাপতি সাকিলুর রহমান সোহাগ তালুকদার বলেন, হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত থাকায় কলেজ কমিটি, শিক্ষক, অভিভাবক প্রতিনিধিরা সিদ্ধান্ত নিয়েছে মিলনকে কলেজ থেকে বহিষ্কারের। এদিকে, নিতু মণ্ডলের হত্যাকারী মিলন মণ্ডলের ফাঁসির দাবিতে গতকাল দুপুরে কালকিনির শিকারমঙ্গল উচ্চ বিদ্যালয়ের উদ্যোগে মানববন্ধন ও সমাবেশ করেন শিক্ষক ও শিক্ষার্থীরা।